# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন

মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট

www.sec.gov.bd

**সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:**

## সতর্কবার্তা

১। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারকচক্র পুঁজিবাজারে বিনিয়োগের জন্য লোভনীয় প্রস্তাব করে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রাথমিক অনুসন্ধানে কিছু ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের সন্ধান পায়। ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের নাম ও লিংক নিম্নে প্রদান করা হলো:

| ক্রম | আইডি/গ্রুপের নাম | লিংক |
|---|---|---|
| ১ | শখের শেয়ার বাজার | https://www.facebook.com/ profile.php?id=61579790072044 |
| ২ | BD STOCK EXCHANGE (DSE & CSE) | https://www.facebook.com/ groups/391580888653809/ |
| ৩ | Momin Dse | https://www.facebook.com/ groups/391580888653809/user/ 100016058347627/ |
| ৪ | Ashakaa Rasul Noomani | https://www.facebook.com/groups/391580888653809/user/ 100008105401350/ |
| ৫ | শেয়ার মার্কেট সাকসেস স্ট্রাটেজিস | https://www.facebook.com/ groups/391580888653809/ user/61 574056896483/ |
| ৬ | বাজার বিশ্লেষণ | https://www.facebook.com/profile.php?id=61579257136367 |
| ৭ | আশিকুর রহমান আশিক | https://www.facebook.com/asikura.rahamana.asika.371807 |
| ৮ | Anika Sarah (Consultancy Assetmanagement) | https://www.facebook.com/anika.sarah.142 |
| ৯ | PUBLIC BUSINESS CLUB | https://www.facebook.com/groups/1421914744614689/ |
| ১০ | Planned Investment | https://www.facebook.com/groups/1768873286596084/ |
| ১১ | Caleb Wright | https://www.facebook.com/profile.php?id=61579983105760 |

এসকল ফেসবুক পেজ বা আইডি বা গ্রুপের মাধ্যমে নিয়মিতভাবে পুঁজিবাজারে বিভিন্ন সিকিউরিটিজের মূল্য হ্রাস-বৃদ্ধি বিষয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করা হচ্ছে। Bangladesh Securities and Exchange Commission (Research Analyst) Rules, 2013 অনুযায়ী শুধুমাত্র (1) Merchant Bankers, (2) Stock-dealer/Stock-broker, (3) Asset Management Companies, (4) Investment Advisers, (5) Independent Research Firms প্রতিষ্ঠান সমূহ শুধুমাত্র Research Analyst হিসেবে নিবন্ধিত হতে পারে এবং পুঁজিবাজারের সিকিউরিটিজের মূল্যের হ্রাস/বৃদ্ধি সম্পর্কে বিভিন্ন মতামত প্রদান করতে পারে। এক্ষেত্রে উল্লিখিত গ্রুপ/আইডি সমূহ এই আইনের আওতায় নিবন্ধিত নয়। এমতাবস্থায়, সামাজিক যোগাযোগ মাধ্যমে [illegible] ধরনের সকল বিনিয়োগ পরামর্শ গ্রহণের বিষয়ে সতর্ক থাকার জন্য সাধারণ বিনিয়োগকারীগণকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বিও আইডি থাকা (BO ID) আবশ্যক, যা নিবন্ধিত স্টক ব্রোকার বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট এর মাধ্যমে খোলা হয়। নিজ নামে বিও হিসাব (BO ID) ব্যতিরেকে এবং নিবন্ধিত স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের মাধ্যম ছাড়া পুঁজিবাজারে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা আর্থিক লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো।

৩। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারক চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পাওয়া গেলে তা কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



**সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:**

কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট সাম্প্রতিক সময়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগ সংক্রান্ত প্রতারণামূলক কর্মকান্ডের তথ্য পায়। প্রতারকচক্র কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে সামাজিক যোগাযোগ মাধ্যমে (হোয়াটস্অ্যাপ, টেলিগ্রাম) লোভনীয় বার্তা পাঠায়। বিনিয়োগের পর প্রথমে সামান্য মুনাফা দেখিয়ে বিনিয়োগকারীদের আস্থা অর্জন করে পরবর্তীতে অধিক মুনাফার প্রলোভন দেখিয়ে বড় অঙ্কের বিনিয়োগে প্রলুব্ধ করে। এভাবে বড় অংকের টাকা হাতিয়ে নিতে এক সময় বিনিয়োগকারীকে জানানো হয় যে মোবাইল অ্যাপের মাধ্যমে বিনিয়োগ করেছে সেটিতে সমস্যা হয়েছে তার জন্য বিনিয়োগকারীকে আরও অর্থ দিতে হবে। এভাবে প্রতারণার মাধ্যমে অতিরিক্ত অর্থ নেয়ার পর প্রতারকচক্র ভুক্তভোগীকে ব্লক করে দেয়। এ বিষয়ে সাধারণ বিনিয়োগকারীগণকে সতর্ক থাকার জন্য বিনিয়োগকারীগণকে নিম্নোক্ত সতর্কবার্তা প্রদান করা যেতে পারে।

**<u>সতর্কবার্তা</u>**

১। সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারকচক্র পুঁজিবাজারে বিনিয়োগের জন্য লোভনীয় প্রস্তাব করে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। উক্ত প্রলোভনমূলক বিনিয়োগ প্রস্তাব থেকে সকল বিনিয়োগকারীগণকে সতর্ক থাকার জন্য অনুরোধ করা হলো।

২। পুঁজিবাজারে বিনিয়োগের জন্য বিও আইডি থাকা (BO ID) আবশ্যক, যা নিবন্ধিত স্টক ব্রোকার বা ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট এর মাধ্যমে খোলা হয়। নিজ নামে বিও হিসাব (BO ID) ব্যতিরেকে এবং নিবন্ধিত স্টক ব্রোকার বা মার্চেন্ট ব্যাংকার বা পোর্টফোলিও ম্যানেজারের মাধ্যম ছাড়া পুঁজিবাজারে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা আর্থিক লেনদেন না করার জন্যও অনুরোধ করা হলো।

৩। সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রতারক চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পাওয়া গেলে তা কমিশনের মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।